

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২১

আগরতলা, ১৫ জুন, ২০২৪

উত্তর-পূর্বাঞ্চলের লোকসংগীত ও লুপ্তপ্রায়

শিল্পকলা নিয়ে গবেষণার জন্য আবেদনপত্র আহ্বান

ডিমাপুরস্থিত উত্তর পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের পক্ষ থেকে উত্তর-পূর্বাঞ্চলের অরুণাচল প্রদেশ, আসাম, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, সিকিম ও ত্রিপুরা রাজ্যের লোক ও জনজাতি সঙ্গীত, নৃত্য এবং লুপ্তপ্রায় শিল্পকলা নিয়ে গবেষণা করার জন্য গবেষকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ হচ্ছে ১৫ জুলাই, ২০২৪। আবেদনপত্রের ফরম্যাট সংশ্লিষ্ট রাজ্যের সংস্কৃতি দপ্তর কিংবা <https://nezccdimapur.org.in> কিংবা <https://www.facebook.com/NEZCC> থেকে পাওয়া যাবে। ভারতীয় নাগরিক এবং সংশ্লিষ্ট নাগরিকগণ এই গবেষণার জন্য আবেদন করতে পারবেন। উত্তর পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের অধিকর্তা ড. প্রসন্ন গগই এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*